গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-৯
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৯.২০.০০৩.২৫-২০৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২ / ৩০ সেপ্টেম্বর ২০২৫

# অফিস আদেশ

সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের ভাতার হার বৃদ্ধি/হ্রাস/অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত গ্রহণে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি/উপদেষ্টা পরিষদ কমিটিকে সহায়তা করার জন্য কর্মসূচিসমূহ Periodic Review করার বিষয়ে নিম্নরূপ আন্ত:মন্ত্রণালয় কার্যকরী কমিটি (Working Committee) গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (সামষ্টিক অর্থনীতি-১ অনুবিভাগ), অর্থ বিভাগ | - | সভাপতি |
| (২) | যুগ্মসচিব (সিভিল রেজিস্ট্রেশন ও সামাজিক নিরাপত্তা অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (৩) | যুগ্মপ্রধান/যুগ্মসচিব (সামষ্টিক ও প্রেক্ষিত পরিকল্পনা অনুবিভাগ), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | - | সদস্য |
| (৪) | যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - | সদস্য |
| (৫) | পরিচালক (ন্যাশনাল একাউন্টিং উইং), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | - | সদস্য |
| (৬) | পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর | - | সদস্য |
| (৭) | কর্মসূচি পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| (৮) | পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | - | সদস্য |
| (৯) | উপসচিব (বাজেট-৯ শাখা), অর্থ বিভাগ | - | সদস্য-সচিব |

২। **কমিটির কর্মপরিধি**:

(ক) কার্যকরী কমিটি (Working Committee) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ৪টি কর্মসূচি, যথা- 'বয়স্ক ভাতা কার্যক্রম', 'বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কার্যক্রম', 'প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম' এবং 'অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম'; মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত 'মা ও শিশু সহায়তা কর্মসূচি' এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান (ইজিপিপি)'সহ মোট ৬টি কর্মসূচি/কার্যক্রমের Periodic Review করবে;

(খ) কার্যকরী কমিটি (Working Committee) Periodic Review করার ক্ষেত্রে Consumer Price Index (CPI)-কে বেঞ্চমার্ক অর্থনৈতিক সূচক হিসেবে ব্যবহার করবে;

(গ) এ কমিটি বছরে ন্যূনতম একবার ভাতার হার Review করবে;

(ঘ) কার্যকরী কমিটি (Working Committee) ভাতার হার Review করে এর সুপারিশ সম্বলিত প্রতিবেদন সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি/উপদেষ্টা পরিষদ কমিটির সদয় বিবেচনার জন্য অর্থ সচিব বরাবর দাখিল করবে; এবং

(ঙ) কার্যকরী কমিটি (Working Committee) প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ ২০২৫-২৬ অর্থবছর হতে কার্যকর হবে।

৩০/০৯/২৫

(মোঃ রাজিবুল আহসান)
উপসচিব
☎ ২২৩৩ ৮৮ ৫৮৮
E-mail: rajibahsan@finance.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৯.২০.০০৩.২৫-**২০৪**

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২ / ৩০ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন,
৭. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট-১/বাজেট-২/সামষ্টিক অর্থনীতি-১ অনুবিভাগ), অর্থ বিভাগ
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১০. পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১১. কর্মসূচি পরিচালক, মা ও শিশু সহায়তা কর্মসূচি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৪. অফিস কপি

৩০/০৯/২৫

(মোঃ রাজিবুল আহসান)
উপসচিব